

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান বুরো  
উপজেলা পরিসংখ্যান অফিস  
বিশ্বস্তরপুর, সুনামগঞ্জ

**bbs.bishwambarpur.sunamganj.gov.bd**

স্মারক নং- ৫২.০১.৯০১৮.০০০.০৮.০০৬.২০-০৬

তারিখ: **১০ মাঘ ১৪২৬**  
**২৩ জানুয়ারি ২০২০**

**শুমারিকর্মী (তালিকাকারী/সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি**

বাংলাদেশ পরিসংখ্যান বুরো কর্তৃক বাস্তবায়নাধীন ‘জনশুমারি ও গৃহগণনা ২০২১’ এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনাকার্যক্রমে ‘তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার’ পদের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র বিশ্বস্তরপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বত্ত্বে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	প্রাপ্ত ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মান ভাতা প্রাপ্ত হবেন	১) ন্যূনতম মাত্রক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধি হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৩০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী	ঐ	১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধি হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

**শর্তাবলী:**

- নির্ধারিত আবেদন ফরম উপজেলা নির্বাচী অফিসারের ওয়েবসাইট ([bbs.bishwambarpur.sunamganj.gov.bd](http://bbs.bishwambarpur.sunamganj.gov.bd)) এবং উপজেলা পরিসংখ্যান বিশ্বস্তরপুর, সুনামগঞ্জ হতে সংগ্রহ করা যাবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমের সময় মোট ১০ (দশ) দিন। প্রতি তালিকাকারী উক্ত ১০ (দশ) দিনে কম-বেশি ৪০০ (চারশত) খানার তালিকা করবেন। মূল শুমারিতে (জানুয়ারি/২০২১) প্রতিগণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- কেবল মাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরির কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্যক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- শুমারিকর্মী নির্বাচনে অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সম্ভোজনক মর্মে প্রতীয়মাণ হলে তারা মূলশুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- সকলপদের দরখাতের খামের উপর ডানপার্শে পদের নাম, নিজ ইউনিয়ন এবং মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ২৬ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসের নির্দিষ্ট বাক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: তারিখ সকাল ৯.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে যাচাই বাছাই অনুষ্ঠিত হবে। যথা সময়ে আবেদনকারী প্রার্থীদের উপস্থিতি থাকতে হবে।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাচী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।
- শুমারিকর্মী নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
 (সমীর বিশ্বাস)  
 উপজেলা নির্বাচী অফিসার

ও  
 সভাপতি  
 জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
 শুমারিকর্মী নির্বাচন কমিটি  
 বিশ্বস্তরপুর, সুনামগঞ্জ